

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

(প্রজ্ঞাপন)

ঢাকা, ০৬/০৮/১৪১১ বাৎ/২০/১১/২০০৪ খ্রিঃ ।

এস.আর. ও নং-৩১৮-আইন/২০০৪/৪৩৫-মূসক। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানসমূহ ব্যতীত এবং প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ ব্যতীত মূসক নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে-

(ক) রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নে বিধৃত টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedul এর শিরোনামা সংখ্যা (Heading No.) এবং উহার সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত পণ্য সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর কলাম (৪) এ উল্লিখিত হারে অব্যাহতি প্রদান করিল, যথা :

টেবিল-১

শিরোনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের বিবরণ (Description of Goods)	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
১	২	৩	৪
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	৮০ (আশি) শতাংশ

(খ) রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নে বিধৃত টেবিল-২ এর কলাম (১) এ উল্লিখিত সেবার শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর কলাম, (৪) এ উল্লিখিত হারে অব্যাহতি প্রদান করিল, যথা :

টেবিল-২

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারীর নাম	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
১	২	৩	৪
S ০২৫	S ০২৫.০০	ওয়াসা	৬০ (ষাট) শতাংশ
S ০৫৭	S ০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	৮০ (আশি) শতাংশ;

(গ) রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরী পণ্য রপ্তানি উভয় পর্যায়ে নিম্নে বিধৃত টেবিল-৩ এর কলাম (১) এ উল্লিখিত সেবার শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার

কোড এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর কলাম, (৪) এ উল্লিখিত হারে অব্যাহতি প্রদান করিল, যথা :

টেবিল-৩

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারীর নাম	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
১	২	৩	৪
S ০০৫	S ০০৫.০০	বন্দর	১০০ (একশত) শতাংশ
S ০১৫	S ০১৫.১০	ফ্রাইট ফরোয়ার্ডারস	১০০ (একশত) শতাংশ
	S ০১৫.২০	ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা	১০০ (একশত) শতাংশ
S ০২৮	S ০২৮.০০	বীমা কোম্পানী	১০০ (একশত) শতাংশ
S ০৩৫	S ০৩৫.০০	শিপিং এজেন্ট	১০০ (একশত) শতাংশ

২। এই প্রজ্ঞাপনের অধীন মূল সংযোজন কর অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(শেখ হাফিজুল কবির)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)